

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১০৩৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. কিবলা নির্ধারণের জন্য যথাসাধ্য চেষ্টা করা এবং এ ব্যাপারে অনুমান করা বৈধ

بَابُ الِاجْتِهَادِ فِي الْقِبْلَةِ وَجَوَازِ التَّحَرِّي فِي ذَلِكَ

## আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ صَاعِدِ ، ثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْأَحْمَسِيُّ ، ثَنَا وَكِيعٌ ، ح : وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، ثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْحَسَّانِيُّ ، ثَنَا وَكِيعٌ ، ثَنَا أَشْعَثُ السَّمَّانُ ، عَنْ عَاصِمِ بْنِ عُبَيْدِ اللَّهِ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَامِرِ بْنِ رَبِيعَةَ ، عَنْ أَبِيهِ ، قَالَ : كُنَّا نُصَلِّي مَعَ النَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ فِي السَّفَرِ فِي لَيْلَةٍ مُظْلِمَةٍ ؛ فَلَمْ نَدْرِ كُنَّا نُصِلِّي مَعَ النَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ فِي السَّفَرِ فِي لَيْلَةٍ مُظْلِمَةٍ ؛ فَلَمْ نَدْرِ كَيْفَ الْقِبْلَةُ ، فَصَلَّى كُلُّ رَجُلٍ مِنَّا عَلَى حِيَالِهِ ، قَالَ : فَلَمَّا أَصِبُحْنَا ذَكَرْنَا ذَلِكَ لِلنَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَيُلُوا فَتَمَّ وَجْهُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ \_ فَنَزَلَتْ : فَأَيْنَمَا تُولُوا فَتَمَّ وَجْهُ اللَّهِ

## বাংলা

১০৩৮(৫). ইয়াহইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আবদুল্লাহ ইবনে আমের ইবনে রাবীয়া (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সফরে এক অন্ধকার রাতে নামায পড়েছিলাম। আমরা কিবলার অবস্থান নির্ণয় করতে পারিনি। অতএব প্রত্যেকেই তার বিপরীত দিকে নামায পড়লো। রাবী বলেন, সকালবেলা আমরা বিষয়টি মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে আলোচনা করলাম। তখন নাযিল হলো, "তোমরা যেদিকেই মুখ ফিরাও না কেন, সেদিকই আল্লাহর দিক" (সূরা বাকারাঃ ১১৫)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু 'আমির ইবনু রাবী'আ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন